সামাজিক যোগাযোগ মাধ্যমে হো ক আয়, বাড়ুক পরিচিতি

সামাজিক যোগাযোগ মাধ্যম হিসেবে ইদানিং ফেসবুক আর ইউটিউব খুবই শক্তিশালী ও জনপ্রিয় হয়ে উঠছে। এই মাধ্যমকে ব্যবহার করে অনেকেই পরিচিতি তৈরী করছেন সারা বিশ্বের বাংলা ভাষাভাষি মানুষের মধ্যে। এই মাধ্যম দুটি ব্যবহার করে কেউ প্রবাস জীবনের খুটিনাটি, কেউ আবার খাবার, কেউ আবার দর্শনীয় স্থান অথবা ইমিগ্রেশনের আদ্যপান্ত্য তুলে ধরছেন। জনপ্রিয় এই মাধ্যম টি হয়ে উঠছে অনেকের আয়ের উৎস।

সামাজিক যোগাযোগ মাধ্যমে ইদানিং বেশ জনপ্রিয় হয়ে উঠছেন কানাডা প্রবাসী এক বাংলাদেশী পরিবার। ইমিপ্রেশন বা ফুড ব্লগিং নয়, তারা প্রচার করছেন লাইফ স্টাইল অথবা ট্রাভেল ব্লগিং। তাও আবার পুরোপুরি বাংলা ভাষাতেই। এই দম্পতি তাদের ক্যামেরায় তুলে আনছেন কানাডার সাসকাচোয়ান প্রদেশের সাসকাটুন শহরসহ আশেপাশের শহর ও প্রভিন্স। যেখানের থাকা বাংলাদেশী কমিউনিটির মানুষের যাপিত জীবনের কাহিনী। বাংলা ভাষাভাষি মানুষের জীবন যাপনের গল্প কথা থাকছে তাদের চ্যানেলে। তাদের এই চ্যানেলে আপনি দেখবেন বিশ্বের অন্যতম আলোকিত শহর র “সাসকাটুন সাইন” “সাসকাটুন” এর প্রাকৃতিক দৃশ্য। এইসব দেখতে আপনাকে থাকতে হবে এই চ্যানেলটির সাথে। https://youtube.com/@BeautylevenCanada

কয়েকদিন আগে দেশে এসেছিলেন এই দম্পতি। প্রায় দশ বছর পর দেশে আসেন এই দম্পতি। সাথে ছিলেন তাদের একমাত্র সন্তান। সেই সময়ে আড্ডা জমে উঠে কানাডা প্রবাসী দম্পতি, ইউটিউবার বোরহান আহমেদ এবং রিজিয়া বোরহানের সাথে। দুজনেই কানাডিয়ান সিটিজেন এখন। আর দুজনেই কাজ করছেন সাসকাচুয়ান প্রভিন্স এর প্রভিন্সিয়াল Government Health এ। এই দুজনের জন্মই ঢাকায়। পারিবারিক ভাবে বিয়ে হয় ২০০৫ সালে।

বোরহান আহমেদ ধানমন্ডি স্কুল আইডিয়াল কলেজ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় পড়াশোনা সম্পন্ন করেছেন। বাংলাদেশে থাকাকালীন চাকরি করেছেন বিভিন্ন মাল্টিন্যাশনাল কোম্পানিতে বিক্রয় ও বিপণন ম্যানেজার হিসেবে। রিজিয়া বোরহান হোম ইকনোমিক্স কলেজ থেকে চাইল্ড সাইকোলজিতে অনার্স মাস্টার্স সম্পন্ন করে

শিক্ষকতা করতেন ঢাকার একটি ইংরেজি মাধ্যম স্কুলে। বোরহান এবং রিজিয়ার সাথে কথা হচ্ছিল মোহাম্মদপুরের নবোদয় হাউজিং এ থাকা মামাতো বোন বর্নালীর বাসায়।

কেমন ছিলো আমাদের প্রবাস জীবনের শুরু, এই প্রশ্নের উত্তরে বোরহান দম্পতি জানালেন, প্রথম কয়েক বছর তারা বেশ চ্যালেঞ্জিং সময় পার করেছেন। নানা চড়াই- উতরাই পার হয়ে বর্তমানে তারা প্রভিনশিয়াল Government এর সাসকাচুয়ান হেলথ অথোরিটি (SASKATCHEWAN HEALTH AUTHORITY) তে কাজ করছেন।

সাসকাচুয়ান প্রভিন্স এর সাসকাটুন শহরে আসা এবং বসবাস করার শুরু থেকেই Bangladeshi Community Association of Saskatchewan (BCAS)এর বিভিন্ন প্রোগ্রামে প্রত্যক্ষভাবে জড়িত রয়েছেন। একুশে ফেব্রুয়ারি, ফাগুন উৎসব, স্বাধীনতা উৎসব, পহেলা বৈশাখ সহ জাতীয় সব অনুষ্ঠানে প্রত্যক্ষভাবে কাজে অংশ নেয়ায় বোরহান এবং রিজিয়া দম্পতি বাংলাদেশী কমিউনিটির সকলের নিকট ভীষণ জনপ্রিয় ।

বর্তমানে তারা Bangladeshi Community Association of Saskatchewan (BCAS) এর কেন্দ্রীয় মিডিয়া পার্টনার হিসেবে তাদের কার্যক্রম Beautyleven Canada চালিয়ে যাচ্ছেন। Bangladeshi Students Association of University of Saskatchewan (BSAUS) এর মিডিয়া পার্টনার হিসেবেও বেশ জনপ্রিয় তারা।

ভিডিও করা, ছবি তোলা এবং সোশ্যাল মিডিয়া তা আপলোড করার ক্ষেত্রে বোরহানের বিশেষ ঝোক থাকায় করোনা কালীন সময়ে অনলাইন বিজনেস শুরু করেন ‘বিউটিলেভেন কানাডা’র মাধ্যমে। অনলাইন বিজনেস ধীরে ধীরে প্রসার হওয়ায় ইউটিউবের ভাবনাও মাথায় আসে এবং ফেব্রুয়ারি ২০২২ এ প্রথম ভিডিও আপলোড করেন। বর্তমানে বোরহান – রিজিয়া দম্পতি দুজনেই নিজেদের কাজ, সামাজিকতা আর পরিবারকে সময় দেয়ার পর বাকি সময়টা দিচ্ছেন সোশ্যাল মিডিয়ায়।

কানাডিয়ান বাংলাদেশীদের জীবনের গল্প বোরহান দম্পতির চোখ দিয়েই দেখতে শুরু করে দর্শকরা যারা কানাডা এবং এর বাংলাদেশি কমিউনিটি সম্পর্কে জানতে আগ্রহী। তারা দুজনেই বেশ সাবলীলভাবে তাদের লাইফ স্টাইল দেখিয়ে যাচ্ছেন প্রতিনিয়ত। কানাডা– বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন জায়গায় ভ্রমণ, খাওয়া-দাওয়া আর পজিটিভ জীবন যাপনের একটা আইকন হয়ে উঠছেন অনেক বাংলাদেশী তরুণ তরুণীদের এর কাছে।

প্রায় বছরখানেক আগে খোলা বিউটিলেভেন কানাডা তাদের সোশ্যাল মিডিয়াতে এখন প্রায় ৫০ হাজারেরও বেশি ফলোয়ার রয়েছে যা ক্রমাগত বেড়েই চলছে। বোরহান দম্পত্তির বেশ কয়েকটি কনটেন্ট দেখা হয়েছে কয়েক হাজার ঘন্টা করে। এই প্রথমবার ১০ বছর পর পরিবার, আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব আর ফলোয়ারদের টানে বাংলাদেশে আসেন এই পরিবার। মাসখানেকের ছুটিতে ঢাকাতেই অবস্থান করছেন তারা।

ভবিষ্যতে কি করতে চান- এই প্রশ্নের উত্তরে এই দম্পতি জানালেন, তারা কনটেন্ট ক্রিয়েশনে আরও বেশি মনোযোগী হতে চান। মানুষের কাছে পৌঁছে দিতে চান কানাডিয়ান বাংলাদেশী লাইফস্টাইল এর ধারণা। গ্লোবালাইজেশন এই যুগে বাংলাদেশের শিক্ষিত ও অবস্থাপন্ন জনগোষ্ঠীর একটা বিশাল অংশ যারা কানাডায় যাচ্ছেন বা যাবেন, তাদের তথ্যের একটা উৎস আর চলার পথের অনুপ্রেরণা হয়ে থাকতে চান Beautyleven Canada এর কর্ণধার বোরহান আহমেদ এবং রিজিয়া বোরহান। তাদের একমাত্র সন্তান ফাইয়াজ আহমেদ জারিফ গ্রেড ১০ এ পড়াশোনা করছেন। পাশাপাশি এই বিষয়েও আগ্রহী হয়ে উঠছেন।

লেখক : উন্নয়ন কর্মী